

কারিগরি শিক্ষা, সমৃদ্ধ
বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-১)
www.techedu.gov.bd
এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর,
ঢাকা-১২০৭।

শিক্ষা নিয়ে গড়ব
দেশ, শেখ হাসিনার
বাংলাদেশ

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০২৪.৩০.০০১.১৮.২৮৮

তারিখ: ৬ চৈত্র ১৪২৫
২০ মার্চ ২০১৯

বিষয়: সতর্কীকরণ প্রসঙ্গে।

আপনি জনাব মোল্যা মো: কলিম উদ্দিন নাটোর টেকনিক্যাল স্কুল ও কলেজ এ অধ্যক্ষ হিসেবে কর্মরত আছেন। গত ১২/০৩/২০১৯খ্রি: তারিখ কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় নাটোর টেকনিক্যাল স্কুল ও কলেজের হাজিরা মনিটরিং করে অধ্যক্ষসহ একজন কর্মচারী বিলম্বে হাজির হওয়ার প্রমাণ পান। ফলশ্রুতিতে আপনাকে কারণ দর্শানো হয়। আপনি উক্ত কারণ দর্শানোর জবাব দাখিল করেছেন।

২। আপনি জবাবে দাবী করেন যে, ভুলবশত: বায়োমেট্রিক হাজিরা প্রদানে বিলম্ব হয় এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পরিদর্শক দলের পরিদর্শনের কারণে সময় অতিবাহিত হওয়ায় দ্বিতীয় শিফটের ক্লাস গ্রহণ না করে শিক্ষার্থীদের ছুটি প্রদান করা হয়। জবাব সন্তোষজনক নয় বলে প্রতীয়মান হয়।

৩। এমতাবস্থায়, আপনিসহ সকল শিক্ষক-কর্মচারীর ভবিষ্যতে কর্মস্থলে উপস্থিতি নিশ্চিত ও দ্বিতীয় শিফটের ছাত্র-ছাত্রীদের ক্লাস ছুটি প্রদানের ক্ষেত্রে উর্দ্ধতন কর্তৃপক্ষের পূর্বানুমোদন নেয়া হয় সে বিষয়টি বিবেচনায় নিয়ে প্রথমবারের মত সতর্ক করা হলো। ভবিষ্যতে এ ধরনের কার্যকলাপ পরিলক্ষিত হলে আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।



১-৪-২০১৯

মোঃ অহিদুল ইসলাম
পরিচালক

জনাব মোল্যা মো: কলিম উদ্দিন, অধ্যক্ষ, নাটোর
টেকনিক্যাল স্কুল ও কলেজ, নাটোর।

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০২৪.৩০.০০১.১৮.২৮৮/১

তারিখ: ৬ চৈত্র ১৪২৫
২০ মার্চ ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অধ্যক্ষ, নাটোর টেকনিক্যাল স্কুল ও কলেজ, নাটোর।
- ২) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা ওয়েব সাইটে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৩) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।



১-৪-২০১৯

মোঃ অহিদুল ইসলাম
পরিচালক